

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
বাস্তবায়ন শাখা-১।

প্রজ্ঞাপন

তারিখ, ২৪-৩-১৪০৬ বাং/৮-৭-১৯৯৯ ইং

এস, আর, ও নং ১৯৮-আইন/৯৯/অম/অবি (বাস্ত-১)/জাঃ বেঃ স্কেল-১/৯৭/১৬৯—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৪২-আইন/৯৭ইং/অম/অবি (বাস্ত-১)/জাঃ বেঃ স্কেল-১/৯৭/২১৭, তারিখ ৬ই কার্তিক, ১৪০৪ বাং মোতাবেক ২১ শে অক্টোবর, ১৯৯৭ ইং এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ—

উপরি-উক্ত আদেশের—(১) অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) সংযোজিত হইবে, যথাঃ—

“(৩) সকল কর্মকর্তা/কর্মচারী মাসিক ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।”;

( ৩৬৯৩ )

মূল্য : টাকা ১.০০

(২) অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৬) সংযোজিত হইবে, যথাঃ—

“(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথাঃ—

### সারণী

মূল বেতন	বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক)	
	ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী-এর মেট্রোপলিটন/পৌর এলাকার জন্য	অন্যান্য স্থানের জন্য
টাকা ১৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০
টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০
টাকা ৩৮০১ হইতে ৯০০০ পর্যন্ত	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০
টাকা ৯০০১ এবং তদূর্ধ্ব	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০	মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০

(৩) অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ(৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ(৪) ও (৫) সংযোজিত হইবে, যথাঃ—

“(৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১ নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০—৫৫০৫ হইতে টাকা ১৫০০—২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট-এর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৫) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০—৬৬২৫ অথবা টাকা ৪৩০০—৭৭৪০ অথবা টাকা ৪৮০০—৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (৪) এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।”;

(৪) অনুচ্ছেদ ১৮ ক এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ১৮ খ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“১৮খ। শ্রান্তি বিনোদন ভাতা।—প্রত্যেক সরকারী কর্মকর্তা ও কর্মচারী Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান

সচিব।